



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারক নং- সাস্ত/ পিআর/০৩

তারিখ: ৩১ ডিসেম্বর, ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের অতিরিক্ত রেজিস্ট্রার জনাব জুবায়ের আহমদ চৌধুরীর অবসর গ্রহণ উপলক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। বিকাল ৫টায় বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভাকক্ষে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠান প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহমদ বলেন, জুবায়ের আহমদ চৌধুরী কর্ম ও ভালবাসা দিয়ে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যদের মন জয় করতে পেরেছেন। কর্মজীবনে তাঁর অমায়িক ব্যবহার, সরলতা ও কর্মনিষ্ঠা তাঁকে শ্রদ্ধার আসনে অধিষ্ঠিত করেছে। তাই তিনি আজ সকলের ভালবাসা ও অত্যন্ত মর্যাদা নিয়ে বিদায় নিচ্ছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান, অতিরিক্ত রেজিস্ট্রার সৈয়দ ছলিম মো. আব্দুল কাদির, ডেপুটি রেজিস্ট্রার কালাম আহমদ চৌধুরী, ডেপুটি রেজিস্ট্রার আবু হেলাল চৌধুরী, সহকারী রেজিস্ট্রার আতাউর রহমান, সহকারী রেজিস্ট্রার সুফিয়ান আহমদ চৌধুরী, সহকারী রেজিস্ট্রার নঈম উদ্দিন আহমদ, প্রশাসনিক কর্মকর্তা অসিত কুমার সূত্রধর এবং সহকারী প্রশাসনিক কর্মকর্তা শাহাদত হোসেন চৌধুরী।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী রেজিস্ট্রার গিয়াস উদ্দিন খান।

উল্লেখ জনাব জুবায়ের আহমেদ চৌধুরী ১৯৯৪ সালের ৯ মে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার হিসেবে যোগদান করেন।